


এই তথ্যগুলো সেইসব পিতামাতাদের জন্য লেখা হয়েছে যারা তাদের সন্তানদেরকে একটি দ্বিভাষিক (বা বহুভাষিক) সংস্কৃতিতে বড় করছেন। যদি আপনার সন্তানের কথা বলা এবং যোগাযোগ করা শিখতে সমস্যা হয়, তবে তা পিতামাতার জন্য বোধগম্যভাবে উদ্বেগজনক, তবে আপনার বা আপনার সন্তানদের এ সংক্রান্ত উদ্বেগ কমানোর জন্য এখানে রয়েছে কিছু তথ্য এবং পরামর্শ:

দুই ভাষার ব্যবহার: বাস্তবতা




- শিশুদের বেলায় তাদের একাধিক ভাষা একসাথে মিশিয়ে ফেলা স্বাভাবিক
- যদি কোনো দ্বিভাষিক শিশুর কথা বলা বা ভাষার ব্যবহারে সমস্যা হয়, তবে এটি উভয় ভাষাকেই প্রভাবিত করবে। যাহোক; এই সমস্যা দুটি ভাষা শেখার কারণে হয় না
- দুটি ভাষা শেখা আপনার সন্তানকে বিভ্রান্ত করবে না। দ্বিভাষিক ভাষার বিকাশের অংশ হিসাবে ভুল করা স্বাভাবিক।
- কথা বলা ও ভাষার সমস্যায়ুক্ত বাচ্চাদের দ্বিতীয় ভাষা শিখতে আরও অসুবিধা হতে পারে তবে গবেষণায় দেখা গেছে অনেকেই এটি সফলভাবে করতে পারে
- যদিও ভাষা শেখার আদর্শ সময় হচ্ছে জীবনের প্রথম কয়েকটি বছর - অর্থাৎ যে সময় মস্তিষ্কের বিকাশ হয় সবচেয়ে দ্রুত - তার পরেও কিছু বড় হওয়া শিশু এবং প্রাপ্তবয়স্করা একটি দ্বিতীয় ভাষায় সাবলীল হতে পারে
- নতুন ভাষা শেখার সময় শিশুদের একটি 'নীরব' সময় থাকতে পারে এবং কিছু সময়ের জন্য তারা নতুন ভাষাটি ব্যবহার করতে চায় না
- দ্বিভাষিক অনেক লোকের একটি ভাষা থাকে প্রধান, যা সময়ের সাথে সাথে পরিবর্তিত হতে পারে, ভাষাটি কতবার ব্যবহৃত হচ্ছে তার উপর ভিত্তি করে

অন্যান্য রিসোর্স:

বই:

- A Parents' and Teachers' Guide to Bilingualism (by Colin Baker)
- Bringing up a Bilingual Child (by Rita Rosenback)



ভিডিও লিংক:

- https://www.youtube.com/watch?v=DTTNhoK_3gA
- https://www.youtube.com/watch?v=Me_v82q0ins

সেরা কিছু পরামর্শ

- ভাষাগুলিকে আলাদা রাখুন (যেমন, আপনি বাড়িতে একটি ভাষায় কথা বলতে চাইতে পারেন এবং বাড়ির বাইরে অন্যটি / কিংবা সকালে এক ভাষা ও বিকেলে অন্য ভাষা ব্যবহার করতে পারেন, উদাহরণ স্বরূপ)
- যখন আপনার শিশুরা ভাষা ব্যবহারে ভুল করবে, তখন তাদেরকে সংশোধন করার পরিবর্তে সঠিক মডেল অনুযায়ী সেটাকে ভিন্নরূপে বা অন্য কথায় ব্যক্ত করুন, না হলে তাদের আত্মবিশ্বাসকে প্রভাবিত করতে পারে
- আপনার বাচ্চারা যে ভাষাগুলি শিখছে সেগুলির সাথে তারা আরও পরিচিত হতে সাহায্য করার জন্য মিডিয়া এবং প্রযুক্তির সুবিধা নিন



- বইপত্র, টেলিভিশন অনুষ্ঠান বা পডকাস্টের মতো উপাদানগুলোর খোঁজ করুন যেগুলি আপনার সন্তানকে তাদের যেকোনো ভাষা অনুশীলন করতে উৎসাহিত করতে পারে
- আপনার নিজের ভাষায় গল্প পড়ুন এবং বলুন, এবং আপনার সন্তানকে যোগ দিতে উৎসাহ দিন। বিশেষ পোশাক-আশাক ব্যবহার করুন এবং সৃজনশীল হন!
- আপনার সন্তানকে দ্বিতীয় ভাষার সাথে পরিচয় করিয়ে দেওয়ার জন্য গান গাওয়া একটি দুর্দান্ত উপায়। এবং, এতে অনেক মজা হতে পারে!
- একটি নির্দিষ্ট সাজ-সরঞ্জাম ব্যবহার করুন, যেমন একটি হাস্যকর টুপি, বা একটি বিশেষ চুলের ব্যান্ড - সাজ-পোশাক পরুন এবং এগুলিকে অন্য ভাষায় মজার করার সময় হিসাবে চিহ্নিত করুন!
- আপনার সন্তান যাতে উভয় ভাষা বুঝতে পারে সেজন্য অঙ্কভঙ্গি এবং কর্মকান্ডগুলো একত্রে করুন
- কোনো বস্তুর নাম বলার সময় শব্দ নির্বাচনে সামঞ্জস্য রাখুন। পিতামাতা উভয়ের শব্দভান্ডার থেকে একই শব্দ ব্যবহার করা উচিত। উদাহরণস্বরূপ, যদি শিশুটি শুনতে পায় যে তার মা বলেছেন 'ডিশ' এবং তার বাবা বলেছেন 'প্লেট', তাহলে বস্তুটির নাম হিসাবে বলা শব্দটি বুঝতে ও সেটা ব্যবহার করা শিখতে শিশুটির আরও বেশি সময় লাগবে
- নতুন ভাষাটিকে প্রথমদিকে সহজ রাখুন যাতে আপনার সন্তান ক্রমাগতই নিজের চেষ্টায় সেটাকে গ্রহণ করতে পারে